

করোনাভাইরাস স্টিমুলাস পেমেণ্টস

মার্কিন সরকারের পক্ষ থেকে ব্যক্তিগত এবং পারিবারিক প্রণোদনা অর্থ প্রদান

করোনাভাইরাস সহায়তা, ত্রাণ এবং অর্থনৈতিক সুরক্ষা “CARES ACT” বা আইনের অধীনে, বেশিরভাগ আমেরিকান ব্যক্তি বিশেষে ১২০০ ডলার এবং বিবাহিত দম্পতির ২৪০০ ডলার (বাড়ির শিশু প্রতি ৫০০ ডলার) পর্যন্ত এককালীন প্রণোদনা অর্থ পাবেন। এই অর্থ পরিশোধ করতে হবেনা এবং প্রাপকদের এটিতে কোন করও দিতে হবে না। যোগ্য ব্যক্তিদের জন্য এই প্রণোদনা পেতে কোনও আবেদন করার প্রয়োজন হবে না। এগুলি স্বয়ংক্রিয়ভাবে যোগ্য বাসিন্দাদের সরবরাহ করা হবে।

আমি কি এই প্রণোদনা পাব?

প্রণোদনার অর্থ পেতে আপনার অবশ্যইঃ

- ২০১৮ এবং/বা ২০১৯ ট্যাক্স রিটার্ন দাখিল করা হয়েছে; আপনি যদি কোনও বছরের ট্যাক্স রিটার্ন দাখিল না করে থাকেন তবে আপনার ট্যাক্স রিটার্ন দাখিল করুন নতুবা আপনি প্রণোদনা পাবার যোগ্য বলে বিবেচিত হবেন না
- কর্মসংস্থানের জন্য বৈধ একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর রয়েছে যা আপনার ট্যাক্স রিটার্নে ব্যবহৃত হয়েছিল
- বয়স ১৮ বছরের বেশি এবং কারও উপর নির্ভরশীল হিসাবে দাবি করা হয় না
- মার্কিন নাগরিকত্ব আছে বা গ্রিন কার্ডধারী হিসেবে আছেন
- আপনার বার্ষিক আয় আপনি অবিবাহিত হলে ৯৯,০০০ ডলার, বিবাহিত হলে ১৯৮,০০০ ডলার অথবা, আপনি আপনার পরিবারের প্রধান হলে ১৩৬,৫০০ ডলার এর নীচে হয়

আয় নির্ধারণ হবে ব্যক্তিদের সাম্প্রতিক করের রিটার্নের উপর নির্ভর করে। সোশ্যাল সিকিউরিটি সুবিধা প্রাপ্ত ব্যক্তির, যারা ট্যাক্স ফাইল করেন না তারাও যোগ্য হবেন।

আমি কখন আমার প্রণোদনার চেকটি পাব?

সাধারণত আপনি যদি আপনার ট্যাক্স রিফান্ডের অর্থ ব্যাংকের ডাইরেক্ট ডিপোজিটের মাধ্যমে পেয়ে থাকেন, তবে আপনি ১৭ এপ্রিল, ২০২০ বা তার পরে আপনার প্রণোদনার অর্থ ডাইরেক্ট ডিপোজিটের মাধ্যমে পাবেন। আপনার যদি ডাইরেক্ট ডিপোজিটের অপশন না থাকে, তবে সরকার আপনার প্রণোদনার চেকটি মেইলে পাঠাবে। সেক্ষেত্রে, ৩-৪ মাস সময় লাগতে পারে। ইউ এস ট্রেজারি বিভাগ একটি ওয়েবসাইট তৈরী করার পরিকল্পনা করছে যেন যে কোন ব্যক্তি তাদের ব্যাংকের তথ্য আই আর এস কে অনলাইনে দিতে পারেন যাতে শীঘ্র তাদের প্রণোদনার অর্থ গ্রহণ করতে পারেন। হালনাগাদ তথ্যের জন্য এখানে দেখুন <https://www.irs.gov/coronavirus>.

আমি কত টাকা প্রণোদনা হিসেবে পাব?

	বার্ষিক আয়	যত পেতে পারেন
অবিবাহিত	৭৫,০০০ ডলারের নীচে	১,২০০ ডলার
	৭৫,০০০-৯৯,০০০ ডলার	০-১,২০০ ডলার
	৯৯,০০০ ডলারের উপরে	০ ডলার
পরিবারের প্রধান	১৩৬,৫০০ ডলারের নীচে	১,২০০+৫০০ ডলার (প্রতি শিশু)
	১৩৬,৫০০ ডলারের উপরে	০-১,২০০+৫০০ডলার পর্যন্ত(প্রতি শিশু)
পরিবারের প্রধান নয়	১৫০,০০০ ডলারের নীচে	২,৪০০+৫০০ ডলার (প্রতি শিশু)
	১৫০,০০০-১৯৮,০০০ ডলার	০-২,৪০০+৫০০ডলার পর্যন্ত(প্রতি শিশু)
বিবাহিত (যৌথ আয়)	১৯৮,০০০ ডলারের উপরে	০ ডলার

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ নেবার জন্য আমরা আপনাকে খুব বেশি সুপারিশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলি ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১৭ এপ্রিল, ২০২০।

